



## গণভোটে ‘হ্যাঁ’র পক্ষে মাঠে নামছে সরকার: প্রেস সচিব



সংগৃহীত ছবি

গণভোট অনুষ্ঠিত হলে অন্তর্বর্তী সরকার ‘হ্যাঁ’ ভোটের পক্ষে অবস্থান নেবে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। রোববার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত নিয়মিত ব্রিফিংয়ে তিনি এ তথ্য জানান।

তিনি বলেন, বিষয়টি নিয়ে সরকার আগেই আইনগত পরামর্শ নিয়েছে। দেশের শীর্ষ আইন বিশেষজ্ঞরা লিখিতভাবে মত দিয়েছেন যে, অন্তর্বর্তী সরকারের পক্ষে গণভোটে ‘হ্যাঁ’ প্রচারণা চালানোতে কোনো সাংবিধানিক বা আইনি বাধা নেই। প্রধান উপদেষ্টাকে এ বিষয়ে সব দিক অবহিত করা হয়েছে এবং নির্বাচন কমিশনসহ সংশ্লিষ্ট সব সংস্থা প্রস্তুত রয়েছে বলেও তিনি জানান।

শফিকুল আলম আরও বলেন, নির্বাচনকে অবাধ, শান্তিপূর্ণ ও বিশ্বাসযোগ্য করতে সব ধরনের প্রশাসনিক প্রস্তুতি নেওয়া হয়েছে। আন্তর্জাতিক পর্যবেক্ষণ প্রসঙ্গে তিনি জানান, ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূতের সঙ্গে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের বৈঠক হয়েছে। ওই বৈঠকে ইইউ জানিয়েছে, তারা এবারের নির্বাচনে বড় পরিসরে পর্যবেক্ষক দল পাঠাবে। অতীতে তারা পর্যবেক্ষক না পাঠানোর কারণ ছিল আগের নির্বাচনগুলো নিয়ে তাদের আস্থাহীনতা। এ উদ্যোগকে সরকার ইতিবাচক হিসেবে দেখছে।

তিনি বলেন, বর্তমানে মাঠে সব দলের জন্য সমান সুযোগ রয়েছে। সরকার কোনো রাজনৈতিক দলকে আলাদা সুবিধা দিচ্ছে না। তবে সোশ্যাল মিডিয়ায় গুজব ও বিভ্রান্তিকর তথ্য বড় চ্যালেঞ্জ হয়ে উঠতে পারে বলে সতর্ক করেন তিনি। বিশেষ করে পতিত সরকারের সংশ্লিষ্ট কিছু গোষ্ঠী ভুয়া তথ্য ছড়াতে পারে বলেও মন্তব্য করেন। এসব মোকাবেলায় আইনশৃঙ্খলা বাহিনী পুরোপুরি প্রস্তুত রয়েছে। ভোট নিয়ে নারী ও তরুণদের মধ্যে আগ্রহ বাড়ছে বলেও জানান তিনি।

আইনশৃঙ্খলা পরিস্থিতি প্রসঙ্গে প্রেস সচিব বলেন, নির্বাচনকে ঘিরে সামগ্রিক পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। বিচ্ছিন্ন কিছু অপরাধের ঘটনা ঘটলেও প্রতিটি ক্ষেত্রেই দ্রুত ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং অভিযুক্তদের শনাক্ত করে গ্রেপ্তার করা হচ্ছে।